

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعْرَاء

আয়াতঃ ২৬: ১২০

আরবি মূল আয়াত:

ثُمَّ أَغْرَقْنَا بَعدُ البقِينَ ﴿١٢٠﴾؟

🗚 অনুবাদসমূহ:

তারপর বাকীদের ডুবিয়ে দিলাম। — আল-বায়ান

তারপর অবশিষ্ট সবাইকে ডুবিয়ে দিলাম। — তাইসিরুল

অতঃপর অবশিষ্ট সবাইকে নিমজ্জিত করলাম। — মুজিবুর রহমান

Then We drowned thereafter the remaining ones. — Sahih International

১২০. এরপর আমরা বাকী সবাইকে ডুবিয়ে দিলাম।

-

তাফসীরে জাকারিয়া

(১২০) তারপর অবশিষ্ট সকলকে ডুবিয়ে দিলাম।[1]

[1] এর বিস্তারিত আলোচনা কিছু পার হয়ে গেছে, আর কিছু পরবর্তীতে আসবে। নূহ (আঃ) ৯৫০ বছর দাওয়াতের কাজ করা সত্ত্বেও তাঁর জাতির লোক অসৎ ব্যবহার ও বিমুখতার উপরেই কায়েম থাকল। পরিশেষে নূহ (আঃ) অভিশাপ করলেন। আল্লাহ কিপ্তী তৈরী করার ও তাতে ঈমানদার মানুষ, জীব-জন্তু ও প্রয়োজনীয় মালপত্র তুলে নেওয়ার আদেশ দিলেন। আর এভাবে ঈমানদারদের বাঁচিয়ে নিয়ে অন্যদেরকে -- এমন কি তার স্ত্রী-পুত্রকেও, যারা ঈমান আনেনি -- ডুবিয়ে মেরে ফেলা হল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3052

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন